



এএসপি মেহেদীকে রূপগঞ্জে পদায়ন নিয়ে সামাজিক মাধ্যমে বিতর্ক



এএসপি মেহেদী। ছবি: সংগৃহীত

সাবেক বিতর্কিত আইজিপি বেনজির এবং জুলাই-আগস্টের হত্যাকাণ্ডের মামলায় কারাগারে থাকা সাবেক আইজিপি মামুনের প্রোটোকল অফিসার হিসেবে পরিচিত এএসপি মেহেদীকে রূপগঞ্জের মতো গুরুত্বপূর্ণ জায়গায় পদায়ন এবং তার অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে সামাজিক যোগাযোগমাধ্যমে তোলপাড় সৃষ্টি হয়েছে। ফেসবুক পোস্টে এক ব্যক্তি লিখেন, সাবেক বিতর্কিত আইজিপি বেনজির এবং জুলাই-আগস্টের হত্যাকাণ্ডের মামলায় কারাগারে থাকা সাবেক আইজিপি মামুনের প্রোটোকল অফিসার হিসেবে পরিচিত এএসপি মেহেদীকে রূপগঞ্জের মতো স্পর্শকাতর এলাকায় কেন দায়িত্বে রাখা হয়েছে? সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশ্ন উঠেছে, এএসপি মেহেদী ও ওসি রূপগঞ্জের বিরুদ্ধে ৫ আগস্ট-পরবর্তী সময়ে চাঁদাবাজদের সঙ্গে আঁতাত করে অবৈধ সম্পদ অর্জন এবং জুলাই-আগস্ট হত্যা মামলা নিয়ে "বাগিজের" যে অভিযোগ, তা কি নিরপেক্ষ তদন্তের আওতায় আনা হবে? এসব ঘটনার সুষ্ঠু তদন্ত, দায়ীদের দ্রুত গ্রেফতার এবং প্রশাসনিক ব্যর্থতা থাকলে তার জবাবদিহি নিশ্চিত করা এখন সময়ের দাবি। অন্যথায় এ ধরনের ঘটনা ভবিষ্যতে আরও রাজনৈতিক সহিংসতা ও অস্থিরতাকে উৎসাহিত করবে। অথচ নিরপরাধ পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে ভূয়া ও বিভ্রান্তিকর তথ্যের ভিত্তিতে প্রত্যাহারের মতো কঠোর সিদ্ধান্ত নেওয়া হচ্ছে।



তার বিরুদ্ধে আরও অভিযোগ রয়েছে, পদায়ন ও বদলির ক্ষেত্রে অনৈতিক চাপ সৃষ্টি করা হচ্ছে। এমনকি কারও কারও দাবি, অর্থ বা অন্যায় সুবিধা না দিলে তাদের পরিবারের সদস্যদের প্রতি অশোভন প্রস্তাব দেওয়া হচ্ছে। এসব প্রস্তাবে রাজি না হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের রাজনৈতিকভাবে চিহ্নিত করা, অপপ্রচার চালানো এবং বিভিন্নভাবে হয়রানির মুখে পড়তে হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

LENS ASIA